**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**আইসিটি অনুবিভাগ**
**ঢাকা**
www.mofa.gov.bd

নং: ১৯.০০.০০০০.১৭৫.০৭.০০৭.২৬/০১ ০৫ জুলাই ২০২৬

**বিজ্ঞপ্তি**

**বিষয়ঃ ২০২৬-২৭ অর্থ বছরের জন্য আইসিটি অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সরবরাহকারী বা ঠিকাদার তালিকাভুক্তকরণ ও হালনাগাদকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগ মন্ত্রণালয়ের অন্যান্য অনুবিভাগ/ অধিশাখা/ শাখা/ সেল ইত্যাদির চাহিদা অনুযায়ী কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি সম্পর্কিত হার্ডওয়্যার, সফটওয়্যার, টেলিফোন সরঞ্জামাদি ইত্যাদি পণ্য ও সেবা ক্রয় করে থাকে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৫২ অনুচ্ছেদ অনুযায়ী ২০২৬-২০২৭ অর্থবছরের ক্রয় ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্তে ক্রয়কারী দপ্তর (procuring entity) হিসেবে আইসিটি অনুবিভাগের আওতায় যোগ্যতাসম্পন্ন পণ্য ও সেবা সরবরাহকারী বা ঠিকাদারগণের তালিকা হালনাগাদকরণ করা হবে। আগ্রহী নতুন এবং পুরাতন যোগ্যতাসম্পন্ন পণ্য ও সেবা সরবরাহকারী বা ঠিকাদারগণকে নিম্নেবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রসহ সিনিয়র সহকারী সচিব (আইসিটি) বরাবর আগামী **১৫ জুলাই ২০২৬ ইং** তারিখের মধ্যে আবেদন জমা দেওয়ার জন্য আহ্বান জানানো হচ্ছেঃ

**প্রয়োজনীয় দলিলাদিঃ-**

ক) প্রত্যাশী প্রতিষ্ঠানের প্যাডে লিখিত আবেদন পত্র
খ) প্রত্যাশী প্রতিষ্ঠানের/ ব্যক্তির ট্রেড লাইসেন্স (২০২৬-২০২৭ অর্থবছরে নবায়নকৃত)
গ) প্রত্যাশী প্রতিষ্ঠানের/ ব্যক্তির টিন সার্টিফিকেট (TIN)
ঘ) প্রত্যাশী প্রতিষ্ঠানের/ ব্যক্তির ভ্যাট সার্টিফিকেট
ঙ) প্রত্যাশী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
চ) প্রত্যাশী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীগণের পাসপোর্ট সাইজ ছবি (০১ কপি)
ছ) আর্থিক স্বচ্ছলতা সনদ (ব্যাংক কর্তৃক ইস্যুকৃত)
জ) সংশ্লিষ্ট ক্ষেত্রে কর্মাভিজ্ঞতার সনদ/প্রমাণক

০২। পররাষ্ট্র মন্ত্রণালয়ের আইসিটি অনুবিভাগের তালিকাভুক্তকরণ কমিটি (Enlistment Commitee) আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করে নির্বাচিত সরবরাহকারী বা ঠিকাদারগণের তালিকা প্রকাশ করবেন। প্রাথমিক ভাবে নির্বাচিত সরবরাহকারী/ ঠিকাদারবৃন্দ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৫২(৩/ঙ) মোতাবেক তালিকাভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) এবং পুরাতন ঠিকাদারগণ নবায়ন ফি ২০০০/-(দুই হাজার টাকা মাত্র) পরিশোধপূর্বক মন্ত্রণালয়ের তালিকাভুক্ত ঠিকাদার হিসেবে গণ্য হবেন।

০৫/০৭/২০২৬
(সারোয়ার মোহাম্মদ শাহরিয়ার খান)
সিনিয়র সহকারী সচিব (আইসিটি)
E-mail: ict1@mofa.gov.bd

**অনুলিপি (সদয় অবগতির জন্য):**

০১। মহাপরিচালক (প্রশাসন / আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
০৩। পরিচালক (আইসিটি/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪। সিনিয়র সহকারী সচিব (আইসিটি)/ সহকারী সচিব (সাধারণ সেবা) [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট/নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ]।
০৫। সহকারী সচিব (বাজেট / তহবিল / একাউন্টস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৬। অফিস কপি।